

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৬. ইশার আগে ঘুম ও 'ইশার পর গল্প-গুজব করা

ইবনু 'আব্বাস (রাযিয়াল্লাহু আনহুমা) থেকে বর্ণিত তিনি বলেন:

نَهَى رَسُوْلُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ النَّوْم قَبْلَ الْعِشَاءِ ، وَعَنِ الْحَدِيْثِ بَعْدَهَا

"রাসূল (সা.) নিষেধ করেছেন ইশার আগে ঘুম যেতে এবং ইশার পর গল্প-গুজব করতে।[1] তবে নিতান্ত প্রয়োজনে অথবা সাওয়াবের কাজে ব্যস্ত থাকলে তাতে কোন অসুবিধে নেই।

ইবনু মাস্'উদ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেনঃ রাসূল (সা.) ইরশাদ করেন:

لاَ سَمَرَ إِلاَّ لِمُصلِّ أَقْ مُسَافِرٍ

'''ইশার পর কোন গল্প-গুজব চলবে না। তবে কেউ ইচ্ছে করলে তখন নামায পড়তে পারবে অথবা সফর করতে পারবে''।[2]

ফুটনোট

- [1] (স্বা'হীহুল-জা'মি', হাদীস ৬৯১৫)
- [2] (স্বা'হীহুল-জা'মি', হাদীস ৭৪৯৯)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=11256

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন